

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৮১৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/৪. কিরাআত শুরু করা।

بَابِ افْتِتَاحِ الْقِرَاءَةِ

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، عَنِ الْجُرَيْرِيِّ، عَنْ قَيْسِ بْنِ عَبَايَةَ، حَدَّثَنِي ابْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُغَقَّلِ، عَنْ أَبِيهِ، قَالَ وَقَلَّمَا رَأَيْتُ رَجُلاً أَشَدَّ عَلَيْهِ فِي عَبَايَةَ، حَدَّثَنِي ابْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُغَقَّلِ، عَنْ أَبِيهِ، قَالَ وَقَلَّمَا رَأَيْتُ رَجُلاً أَشَدَّ عَلَيْهِ فِي الْإِسْلاَمِ حَدَثًا مِنْهُ فَسَمِعَنِي وَأَنَا أَقْرَأُ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ) فَقَالَ أَيْ بُنَيَّ إِيَّاكَ وَالْحَدَثَ فَإِنِي صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - وَمَعَ أَبِي بَكْرٍ وَمَعَ عُمرَ وَمُعَ عُمرَ وَمُعَ عُمْرَ وَمَعَ عُمْرَ وَمَعَ عُمْرَ وَمَعَ عُمْرَ وَمَعَ عُثْمَانَ فَلَمْ أَسْمَعْ رَجُلاً مِنْهُمْ يَقُولُهُ فَإِذَا قَرَأْتَ فَقُلِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) .

#### বাংলা

৪/৮১৫। আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) এর পুত্র থেকে বর্ণিত। তিনি বলেন, ইসলামে নতুন কিছু উদ্ভাবন বা প্রচলনের বিরুদ্ধে আমার পিতার চাইতে অধিক কঠোর মনোভাবাপন্ন লোক আমি খুব কমই দেখেছি। তিনি আমাকে (সালাতের মধ্যে) বিসমিল্লাহির রাহমানির রাহীম পড়তে শুনে বলেন, প্রিয় বৎস! বিদআত থেকে বিরত থাকো। কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর, উমার ও উসমান (রাঃ) এর সাথে সালাত আদায় করেছি, কিন্তু আমি তাদের কাউকে বিসমিল্লাহু পড়তে শুনিনি। অতএব তুমি আলহামদু লিল্লাহি রাবিল আলামীন দ্বারাই কিরাআত শুরু করবে।

### **English**

Ibn 'Abdullah bin Mughaffal narrated from his father and he said:

"I have rarely seen a man for whom innovation in Islam was harder to bear than him. He heard me reciting: 'In the Name of Allah, the Most Gracious, the Most Merciful' Bismillahir-Rahmanir-Rahim [1:1] and he said: 'O my son, beware of innovation, for I prayed with the Messenger of Allah (ﷺ), and with Abu Bakr, and with 'Umar, and with 'Uthman, and I never heard any of them saying this. When you (begin to) recite, say: 'All the praises and thanks are



to Allah, the Lord of all that exists.' (Al-hamdu Lillahi Rabbil-'Alamin).'" [1:2]

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ২৪৪, নাসায়ী ৯০৮, আহমাদ ১৬৩৪৫।

তাহকীক্ব আলবানী: যঈফ। উক্ত হাদিসের রাবী (ইয়াযীদ) বিন আবদুল্লাহ বিন মুগাফফাল এর জারাহ তা'দীল সম্পর্কে কোনটিই আলোচনা করা হয়নি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন